কুষ্টিয়া চেম্বার সভাপতিকে ট্রাক মালিক গ্রুপের সংবর্ধনা

তৃণমূল পর্যায়ের ব্যবসায়ীসহ ট্রাক মালিকদের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে তাদের বিভিন্ন সমস্যা সমাধানে এগিয়ে আসবে বলে জানিয়েছেন দি কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি আবু জাফর মোল্লা।

গতকাল সন্ধ্যায় জেলা ট্রাক মালিক গ্রুপের কার্যালয়ে সংবর্ধনা অনুষ্ঠানে সমিতির নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ মন্তব্য করেন।

ট্রাক মালিক গ্রুপের পাশে আছি এবং থাকবো উল্লেখ করে চেম্বার সভাপতি বলেন, দি কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি একটি গণমুখী চেম্বার। ব্যবসায়ীদের ন্যায্য দাবি আদায়ে চেম্বার সচেষ্ট। এক্ষেত্রে সর্বস্তরের ব্যবসায়ীদের বিভিন্ন সংকট, সমস্যা ও স্বার্থ রক্ষায় চেম্বার সর্বাত্মক সহায়তায় এগিয়ে আসবে। পাশাপাশি তৃণমূল পর্যায়ের ব্যবসায়ীদের দোরগোড়ায় গিয়ে তাদের সঙ্গে মতবিনিময় করবে। এছাড়া ট্রাক মালিকদের নানামুখী সমস্যা ও সমাধানের জন্য সর্বোচ্চ কাজ করবে এই কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি।

কুষ্টিয়া জেলা ট্রাক মালিক গ্রুপ এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে।

কুষ্টিয়া জেলা ট্রাক মালিক গ্রুপের সভাপতি হাজী মো: আব্দুর রশিদের সভাপতিত্বে এবং সাধারন সম্পাদক নরেন্দ্র নাথ সাহার পরিচালনায় বক্তব্য রাখেন সহ-সভাপতি আলহাজ্ব সিরাজুল হক, মো: আখতারুজ্জামান, আলহাজ্ব এম এ মালেক, মো: আশরাফ উদ্দিন নজু, সহ-সাধারণ সম্পাদক গণেশ জোয়ার্দ্দার, সাংগঠনিক সম্পাদক এ কে এম সিদ্দিকুর রহমান (হেলাল), কোষাধ্যক্ষ স্বপন কুমার সাহা, দপ্তর সম্পাদক আসাদুর রহমান (লোটন), প্রচার সম্পাদক আলহাজ্ব মোঃ আব্দুর রাজ্জাক, নির্বাহী সদস্য এ.এন,এম আ: হাই তপো, মো: মাসুদুজ্জামান, মো: খাদেমুল ইসলাম, হাজী মো: আরশাদ আলী, হাজী মো: জমশের আলী, মতিউর রহমান, রাজু আহমেদ, রেজাউল করিম, তারাদাস ভৌমিক, মো: আইনুর রহমান িটেটা, এমএ খালেক ও মো; রুহুল আমিন

প্রমুখ বক্তব্য রাখেন।

পরে দি কুষ্টিয়া চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি আবু জাফর মোল্লার হাতে সম্মাননা স্মারক ক্রেষ্ট তুলে দেন কুষ্টিয়া জেলা ট্রাক মালিক গ্রুপের নেতৃবৃন্দ।